

দুঃসাহসী টিনটিন

‘পেতি ভ্যাঁতিয়েম’ কাগজের সাংবাদিক






১৯ শে ডিসেম্বর ১৯৫৭ সালে “স্পিরো” সাময়িক পত্রে
প্রস্তাবিত চিত্রনাট্য অনুসারে **হার্জের** সৃষ্ট চরিত্র অবলম্বনে
রোভিয়ার চিত্রিত টিনটিনের প্রথম অভিযান


অনুবাদ এবং বর্ণবিন্যাস : সুদীপ

দুঃসাহসী টিনটিন

‘পেতি ভ্যাতিয়েম’ কাগজের সাংবাদিক



কিছুক্ষন পরে . . .



মিকি মার্টিন ? আমাদের সঙ্গে চলুন ।

আমি এখন খেতে বসেছি . . . আর তাছাড়া আমি তো কিছু করিনি !



আমি প্রতিবাদ জানাচ্ছি ! আমি নির্দোষ !



কোনো লাভ নেই , মার্টিন । এই যে ওয়ারেন্ট । আমরা আপনার বাড়ি সার্চ করব ।

কিন্তু আপনারা আমার কাছে কি চাইছেন ?



কিছু না জানার ভান করবেন না । গতকাল ওয়েস্টার্ন ব্যাঙ্ক ডাকাতি হয়েছে । ডাকাতির ধরণ যে আপনার স্টাইলের সঙ্গে একদম মিলে যাচ্ছে ।



কি বললেন , গতকাল ? তাহলে আপনার দুর্ভাগ্যই বলতে হবে , ইন্সপেক্টর । আমি ইটালি থেকে আজই ফিরলাম । এই ঘটনা দু'এক আগে আমি ট্রেন থেকে নেমেছি . . . আমার সাক্ষি আছে . . .



ঠিক আছে , দেখা যাবে . . .

আমার বাড়ির কাজের লোকের সঙ্গে কথা বলে দেখতে পারেন ।



সত্যি বলছি ছজুর । বাবু যাওয়ার আগে আমায় বাড়ির চাবি দিয়ে যান। তারপর থেকে কেউ বাড়িতে ঢোকেনি , এমনকি আমিও না ।



তাহলে , এই তিনদিন বাড়িতে কেউ ঢোকেনি , তাই তো ? এমনকি আপনিও না ? ঠিক আছে , তবু আমরা মনের শান্তির জন্য একটু খঁজে দেখি . . .



ঝিঝিঝিঝিঝিঝি



কি হল ব্যাপারটা ?!



কোথায় ঘন্টা বাজছে?

দাঁড়ান ! আমার সঙ্গে আসুন ! . . .



এ তো দেখছি একটা
অ্যালার্ম ক্লক বাজছে।



... একটু পরে ...

না ইন্সপেক্টর, আমরা সম্ভাব্য সব জায়গাতেই
খুঁজে দেখেছি। সন্দেহজনক কিছুই পাইনি।



হাঁ, অবশ্যই আছে!



শুনুন, ইন্সপেক্টর ... ? ... !

... ?



আরে! আপনি তো ঠিকই বলেছেন!



মিকি মার্টিন, আপনাকে গ্রেফতার করা হল। আপনার
অ্যালিবাই একদম ঠিকঠাক ছিল, কিন্তু আপনি যে একটা
বোকার মত ভুল করে বসেছেন!



পরে, পেতি ভ্যাঁতিয়েম কাগজের দপ্তরে ...

টিনটিন, তোমায় অভিনন্দন জানাই। মিকি
মার্টিনের ওপর তোমার লেখাটা সাড়া ফেলে দিয়েছে।



কিন্তু তুমি বুঝলে কি করে যে ওর
অ্যালিবাই মিথ্যে ছিল?

খুব সোজা, অ্যালার্ম
ক্লকটাই হল সূত্র।



তিনদিন ধরে ওই বাড়িতে যদি কেউ না
টুকেই থাকবে তাহলে অ্যালার্ম ক্লকটা সেট
করল কে? মিকি মার্টিন সেদিন সকালেই
কোনো একটা কাজ মনে করার জন্য
অ্যালার্ম দিয়ে রেখেছিল।



দারুণ যুক্তি। আমার মনে হয় তুমি ভবিষ্যতে
রিপোর্টার হিসেবে বেশ নাম করতে পারবে।

ধন্যবাদ!



তাহলে তোমার প্রথম বড় মাপের
প্রতিবেদনের জন্য সোভিয়েত দেশে যেতে
কোনো আপত্তি আছে?
আপনি ঠিক বলছেন,
স্যার?.



চল, তাড়াতাড়ি তৈরী হয়ে নে কুটুস। একটা রোমাঞ্চকর
প্রতিবেদনের জন্য আমাদের সোভিয়েত দেশে যেতে হবে।

একটা একঘেয়ে
জীবন শেষ হল।



সমাপ্ত